It is to you that we owe a blessing which is absolutely pure and which was given to us solely for our benefit. Need you wonder then when we say that you have done as much for the maintainance of the Indian Empire as Wellesley and others did to conquer it? You alone have been able to impress upon the minds of the people of India that the British nation, in spite of its many defects, is inherently just. Without you what would have been our fate? Without you how would the people regard the British nations? Simply as a nation of shop-keepers who for money are capable of doing many ugly things, whose only spring of action being material loss or gain. Though aliens, we can safely place in your custody our lives and property, and such is the influence that you have gained over the hearts of millions of aliens by your character. Oppressed by wanton or unthinking Englishmen, we find in you a friend where we are sure to obtain justice, whether Hindoos or Mussalmans, poor or rich. Such is the proud position that you have attained and such is the good work that you have done for your nation and for humanity. When one, who is oppressed by a powerful man of your nation, finds that he is safe in your hands, that in your eyes there is no distinction between white and sable, he blesses you and the nation which gave you to us. When a man, persecuted by an omnipotent Government, hunted like a wild beast, at last finds that there is yet one power in India which is above Government, he is overpowered with gratitude, his wound is healed, and he looks upon your nation with veneration and awe.

All these you have done, and the result is that you find yourself disgraced. Our present rulers think that you are too good for India and too just and inflexible to be trusted with independence. There are good many reasons why you have offended the rulers of the land. There are some who think that a reign of law is not for the good of humanity, and they would force despotism even in England if they could. These men think that the experiment of subordinating you to the executive must be first tried in this fatherless and motherless country. There are others who think that a reign of law does not suit such a country as India, where the Government is necessirily despotic and which holds the country by brute force. There are others who are opposed to you on personal grounds. They cannot exercise their will as they like and you stand in their way. All these men have combined to disgrace you, and to wrest from you the powers that you enjoyed and exercised for the good of humanity.

We are utterly helpless, and can, like the Ameer of Cabul, only sympathise with you and do you no active service. But will you, my Lords, move in the matter and make a struggle to maintain the dignity of your position? It is true the matter has been settled in Parliament, or rather the matter was not settled at all. There was properly no debate whatever and the question was ôpened rather feebly. Your united protest may move the Parliament effectually; it will assuredly move the press and people of England. Are you going calmly to submit to the insult? Will you allow a great principle, of which you are the custodians, to be crushed before your eyes, without making an attempt to defend it? Or has despair seized you, as it has the people of India?

There is yet another way. If you are hopeless of relief, you can at least sacrifice yourself for the great principle. There is a race of Nagas in India whose profession is to escort passengers safely from one station to another. A passenger who trusts himself to such an escort is almost absolutely safe from robbers. If attacked by robbers, the Naga will fight bravely for his charge and will not desert his post. He will rather allow himself to be cut into pieces than betray his charge. You my Lords are in charge of a sacred principle. It is now for you to judge whether you ought to fight for it or betray it. If you cannot defend your charge you can at least sacrifice yourself. You, with the honorable feelings, which are the guiding principles of your life, cannot administer justice under the present restriction of your independence. You can leave this alternative to Lord Salisbury, either to give you that independence which is possessed by the Judges of England and other civilized countries and is essential for the proper discharge of your important duties, or to accept your resignation.

——ooo——

For the Benefit of India.—Many things are done for the benefit of India, the advantage of which the Indians themselves do not appreciate. Indeed the fashion is to hold India responsible for all the sins committed in her name by her rulers. An Exhibition is proposed in England and pecuniary help asked from the India government to carry out the proposal. The aid is asked as the Exhibition is for the benefit of India. A College is established in that country to train Engineers to serve in India. We are made to pay the expences, and why, because, the College is—for the benefit of India. It is needless to multiply instances of this sort; for every act done in connection with this country is done for the so-called benefit of India, whether it be the annexation of a Province or the demolition of the rights of the people. The other day Lord George Hamilton laid hold of this usual plea to silence some members of Parliament who had raised a disagreeable question. We shall narrate the events, for they may amuse our readers.

England is at present in the disagreeable position of a man with many wives and mistresses. Such a man cannot please all, especially if he has a favorite among them. The rulers of England govern many nations and it is impossible for them to give equal satisfaction to all. Then it is but natural that the rulers should pay greater attention to the interest of the paramount country to those of the other dependencies. The other countries which owe allegiance to the English nation are like mistresses to them, which it keeps for its pleasure, though that cannot be said of Scotland and Ireland. Seventy five years ago, Ireland also was in the position of a mistress, but being very quarrelsome, she established her right by teasing her lord constantly. Ireland and Scotland have therefore legal rights which the other subordinate nations do not possess; and the rulers of England oftentimes find themselves in awkward position when they attempt to shew any special favor to the paramount country. It is all very well to rob India and divide the spoil among the three united countries; but it is not so safe to keep the spoil for the special benefit of the paramount country.

The privilege of enjoying the loaves and fishes of the Indian Empire belong to the English, the Scotch, and the Irish. The Indians themselves wanted a share, but they were kept out of it by various devices. In this conspiracy the Scotch took the greatest interest. The Indians yet persisted and the band of three nations resolved to adopt decisive and energetic measures to close the doors against them by adamantine walls. But Lord Salisbury, who is now the wisest man in England, wanted to take this opportunity to make a fool of the other two nations. He consoled all Englishmen, Scotchmen, and Irishmen by reducing the maximum age of 21 for Civil Service candidates to 19. This practically debarred the Indians from competing for the service. So far so good. But when the scheme was matured and the proposition carried out, the other two nations made an important discovery. They found after the proposition was carried out, that the scheme was calculated not only to debar the people of India, but those of Scotland and Ireland too.

Dr. Playfair called attention in Parliamen[illegible] to the new regulations in regard to candidates for the Indian Civil Service and contended that they practically excluded the Scotch Universities, the Queen's Colleges, Ireland, &c., &., after from participation in the preparation of candidates either before or after competition. He enquired: "Why did the Noble Lord (Lord Salisbuury) interfere with a system which had worked so admirably, and with which every body was satisfied, and make new regulations which would practically shut out the *whole of Ireland and Scotland, from future participation in the administration of India?*" The Doctor further said that "under the new regulations, therefore, the poor of Scotland and Ireland would be shut out from the Indian Civil Service in order that the wealthier classes of England might benefit."

In the opinion of this gentleman Lord Salisbury acted very arbitrarily in interfering with the existing system, and he did it with the object of benefitting the Oxford University of which His Lordship is the Chancellor. Out of 110 persons in India to whom the question of age had been submitted by Lord Salisbury, ninety-five reported against the change and only fifteen reported in its favor. The Secretary however took no notice of the opinion of the ninety-five but adopted that of the fifteen, because the latter favored his own view of the matter. Why under the circumstance he was anxious to get at the opinions of the one hundred and ten is not at all clear. His Lordship further inquired of the opinions of the ten Universities of great Britain and Ireland. Only Oxford, of which he is Chancellor, gave an opinion favorable to his view, while other universities gave no opinion at all. From this His Lordship said that the Universities were in favor of the scheme! The Civil Service Commissioners were also opposed to the reduction of the age and they further declared that the present system was working admirably. Thus Lord Salisbury had carried his scheme in spite of the opposition of all who had any right to speak on the subject.

Probably the matter would have never been mentioned in Parliament, had the scheme not "practically shut out the whole of Ireland and Scotland from future participation in the administration of India." But it did not give rise to much deba[illegible] No question, however serious, can now dist[illegible] the equanimity of the august body except one [illegible] nected with party interest. Messrs Lowe [illegible] Forster, Captain Nolan and Sir D. Dilke joined the controversy, but the subject was then dropp[illegible] after what Lord George Hamilton had said. Lo[illegible] George Hamilton said that he protested against the insinuation that Lord Salisbury was guided by any but very good motives in effecting this change. What that good motive was Lord George Hamilton distinctly stated. He said that he protested against the imputation of such motives, and declared that "all that Lord Salisbury had considered was what was *for the benefit of India.*" So it was for the benefit of India, that candidates from Scotland, Ireland, and India were practically debarred from competing in the examination. It was also for the benefit of India that the fat employments of this country were made over for the exclusive advantage of the wealthier classes of England!

Thus for the benefit of India Lord Salisbury took upon himself the disagreeable duty of introducing a reform in spite of almost universal opposition. But while his Lordship was thus benefitting India, the people of India are trying their best to oppose him! This is a curious and unexpected result, which is not however of rare occurrence in this ungrateful world. One thing however is certain. The advantages of forcing a benefit are not always sure and clear, and therefore we think that benefits should be forced only on extreme occasions. [illegible] quite true that a man possessing exuberance [illegible] philanthropy and sufficient means to exercise it, is not easily deterred from forcing his benefactions upon unwilling recipients; but human nature [illegible] volts against force of every kind, and even a ba[illegible] would not swallow milk if forced down its thro[illegible] This reduction of age, which was only for the ben[illegible] fit of India as Lord Goerge Hamilton says, has m[illegible] with greater opposition in India than most ot[illegible] questions, and created a wide-spread and deep d[illegible] content. The Mussalmans who preached th[illegible] gospel with a Koran in one hand and a sword [illegible] the other, were no doubt influenced by an exuberen[illegible] of philanthrophy, but they were not liked by tho[illegible] to whom they forced their benefactions. We tr[illegible] our rulers will use their philanthropy rather [illegible] ringly.

Those in India who are agitating the Civil [illegible] vice question will see in what way they can [illegible] themselves heard. They can calculate upon [illegible] sympathy of most of the Scotch and Irish m[illegible] bers of Parliament. Common interest may ind[illegible] the members of these two countries to take [illegible] with the people of India. It is to such men [illegible] they should appeal before submitting their peti[illegible] to Parliament.

——ooo——

রুশিয়রা কিরূপে ড্যানিউব অতিক্রম করে তাহারা সম্পূর্ণ বিবরণ এখনও প্রকাশিত হয় নাই। এক খানি ইংরেজী সংবাদ পত্রের লণ্ডস্থ সম্বাদ দাতা ইহার বিবরণ প্রকাশ করিয়াছেন ঃ—

২২শে জুনে রুশেরা ড্যানিউব পার হইতে আরম্ভ করে। তুর্কিরা অনুমান করে গ্যারিজিভি এবং তুর্ণমাগুবিলা নামক স্থানের মধ্যে কোন স্থান দিয়া রুশেরা ড্যানিউব পার হইবার যত্ন করিবে এবং তাহারা এইরূপ অনুমান করিয়া রষ্টচক এবং নিকোপোলিসে সমুদয় সৈন্য দল সংগ্রহ করে। সিলিষ্ট্রিয়ার দিকে তাহাদের সৈন্য সংখ্যা ক্রমে কম হইয়া যায় এবং উব্রুডসাও তাহারা একেবারে সৈন্যশূন্য অবস্থায় রাখিয়া দেয়। তুর্করা স্বপ্নেও কখন চিন্তা করেনা যে রুশেরা গালটজের নিকট ড্যানিউব পার হইবে। পার হইবার ৪ দিন পূর্ব্বে তাহারা স্থানে স্থানে সেতু নির্ম্মাণ করিতে আরম্ভ করে। মেচিন হইতে তুর্কিরা ইহা দেখিতে পায় কিন্তু ইহা লক্ষ্য করেনা। তাহাদের এই রূপ ঔদাস্য দেখিয়া রুশেরা ড্যানিউব পার হইয়া দুই পার হইতে এই সেতু নির্ম্মাণ করিতে আরম্ভ করে। ইহা দেখিয়াও তুর্কিরা কিছু মাত্র বলেনা। রুশেরা নদী পার হইবার নিমিত্ত সেতু নির্ম্মান করেনা, তাহারা ইহা দ্বারা বিপক্ষকে ছলনা করিবার যত্ন করে, এবং তুর্করা রুশদিগের চাতুরিতে পতিত হয়। তুর্করা মনে মনে স্থির করে যে সেতু দ্বারা রুশেরা যে পার হইবে আর অমনি সহসা আক্রমণ করিয়া তাহারা তাহাদিগকে ধ্বংশ করিবে। তাহারা এই উদ্দেশে গোপনে যুদ্ধ সজ্জায় অপেক্ষা করে। এদিকে রুশেরা শত্রুকে অন্যমনস্ক করিয়া সেতু দ্বারা পার না হইয়া নৌকা যোগে পার হয়। এইরূপে রুশেরা ছয়টী কামান ও ৫।৬ হাজার সৈন্য পার করে। তাহারা পার হইলে ৩ হাজার তুর্ক পদাতিক ও তিন শত অশ্বারোহী ৪টী কামান লইয়া তাহাদিগকে আক্রমণ করে। ঘোরতর যুদ্ধ হয়। তুর্করা অদ্বিতীয় বীরত্বের সঙ্গে শত্রুকে আক্রমণ করে কিন্তু পরিণামে [illegible]রা পরাজয় স্বীকার করিয়া মেচিন পরিত্যাগ করিয়া পলায়ন করে। রুশেরা শত্রুকে পরাজয় করিয়া নির্বিঘ্নে ৫০ হাজার সৈন্য উব্রুডসায় উপস্থিত করে।

———

বাজোর নামক স্থানের খাঁরা সম্প্রতি আমিরের আহ্বান অনুসারে কাবুলে উপস্থিত হন। আমির তাহাদিগকে সমাদরে গ্রহণ করেন এবং প্রত্যেককে ছয় হাজার টাকা ও কতক খেলাত উপহার প্রদান করেন ও তাহাদিগকে বলেন যে প্রতি বৎসর আমির তাহাদিগকে এই রূপ খেলাত ও উপহার প্রদান করিবেন। আমির ইহাদিগকে এক শত বন্দুক উপহার দেন, কিন্তু ইহারা বলেন যে ইহাদের প্রচুর বন্দুক আছে। আমির এক দল গোলন্দাজ এবং দুই রেজিমণ্ট সৈন্য বাজোরে প্রেরণ করিতেছেন। এই রূপ রাষ্ট্র আমিরের আজ্ঞা অনুসারে হিরাতের হোসেন আলিখাঁ এবং অন্যান্য কয়েক জন খাঁ ৪০ হাজার অশ্বারোহী সৈন্য সংগ্রহ করিয়াছে। আমির প্রস্তাব করেন যে, কাবুলের জন কয়েক প্রধান লোক যদি এইরূপ মাতবর্বর থাকেন যে, ইয়াকুব খাঁ কারাগার হইতে মুক্ত হইলে তাঁহার অনভিপ্রেত কোন কার্য্য করিবেননা তাহা হইলে তিনি ইয়াকুব খাঁকে কারামুক্ত করিতে সম্মত আছেন, কিন্তু ইয়াকুব খাঁ কাহার মাতব্বরিতে কারামুক্ত হইতে অস্বীকৃত হইয়াছেন। তিনি ইংরাজদিগের বিপক্ষে অস্ত্র ধারণ করিতেও অসম্মত হইয়াছেন। তাহার বিবেচনায় আমির ইংরাজদিগের সঙ্গে বিবাদ করিয়া সুবোধের কাজ করিতেছেন না। আমির তাহার অধীনস্থ কর্ম্মচারিদিগকে আজ্ঞা দিয়াছেন যে, তাহারা প্রতি নিয়ত তাঁহাকে [illegible]দ্ধি জ্ঞাপন করে। বোখারার আমীরের জিজ্ঞাসা মতে তিনি তাহাকে লিখিয়াছেন যে, ইংরাজেরা খেলাতে প্রবেশ করাতে এবং তাহাদের কান্দাহার ও খোরাসান অধিকার করার উদ্যোগ করাতে, তাঁহার সঙ্গে ইংরাজদের মনান্তর হইয়াছে।

———

গত সপ্তাহে মান্দ্রাজ এবং বোম্বাইয়ের কোন কোন স্থান ভিন্ন আর সর্ব্বত্র হইতে শস্যের অবস্থা সম্বন্ধে শুভ সম্বাদ আসিয়াছে, ত্রিহুত, ব্রহ্মদেশ প্রভৃতি স্থানে প্রচুর বৃষ্টি হইয়াছে। কিন্তু মান্দ্রাজের অবস্থা ক্রমে শোচনীয় হইতেছে। গবর্ণমেণ্ট ভীত হইয়া কলিকাতা, ব্রহ্মদেশ এবং উত্তর কুল হইতে মান্দ্রাজে শস্য আমদানি করিবার জন্যে ৩0 খানি বাষ্পীয় তরী এবং ৩০ খানি পাইলের জাহাজ নিযুক্ত করিয়াছেন। বোম্বাইয়ের মধ্যে শোলাপুর প্রভৃতি স্থানের অবস্থা দেখিয়া কর্ত্তৃপক্ষীয়েরা ভীত হইয়াছেন। ইংলিশম্যান তারে যেরূপ সম্বাদ পাইয়াছেন তাহাতে মহীশূরের অবস্থা এখনই ভয়ঙ্কর হইয়া উঠিয়াছে এবং সেখানে অন্ন কষ্ট নিবারণের নিমিত্ত প্রতি দিন গবর্ণমেণ্টের এক হাজার টন চাউলের প্রয়োজন। মান্দ্রাজে কয়েকটী জেলায় অন্ন কষ্ট ভীষণাকার ধারণ করিয়াছে এবং এই রূপ অনুমিত হইতেছে যে মান্দ্রাজের অন্ন কষ্ট নিবারণের নিমিত্ত প্রতি দিন ৪।৫ হাজার টন চাউলের প্রয়োজন হইবে। দুর্ভিক্ষের এই কেবল আরম্ভ, ইহার পর (জগদীশ্বর না করেন) এ সমুদয় স্থানের অবস্থা ক্রমে যখন শোচনীয় হইবে, তখন প্রতি দিন ৬ হাজার টন চাউলে চলিবেনা। ইহার দ্বিগুণ চাউলের প্রয়োজন হইবে। ফল যদি ছয় হাজার টনের অধিক চাউলের প্রয়োজন না হয়, এবং অম্লান ছয় টন গবর্ণমেণ্টের এই ব্যয় বহন করিতে হয় তাহা হইলেও সর্ব্বনাশ। প্রতি টনে ২৭মন।

———

রুশিয়রা আরমেনিয়াতে ক্রমে পরাজিত হইতেছেন, কিন্তু ইউরোপীয় তুর্কীতে তাহাদের জয় দেখিয়া অনেকে অবাক হইয়াছেন। অনেকে ভাবিয়াছিলেন যে তাহারা এ বৎসর ড্যানিউব নদী পার হইতে পারিবেন না, কিন্তু তাহারা ড্যানিউব পার হইতে না হইতে দুর্গম বলকান পর্ব্বত অতিক্রম করিয়াছেন। ইহা দেখিয়া তুর্কীরা ভীত হইয়াছেন। তাহারা বিপদ দেখিয়া মিধাত পাশাকে আনয়ন করিবার নিমিত্ত ইংলণ্ডে জাহাজ পাঠাইয়াছেন। মিধাত পাশাকে যদি ইতিপূর্ব্বে তাহারা আনয়ন করিতেন তাহা হইলে বোধ হয় তাহাদের এ বিপদ উপস্থিত হইত না। তুর্কীরা সর্ব্বত্র অসাধারণ বীরত্বের সঙ্গে যুদ্ধ করিতেছে, কিন্তু বিশৃঙ্খলা নিববন্ধন তাহারা শত্রুহস্তে পতিত হইতেছে। মিধাত পাশা থাকিলে বোধ হয় এরূপ বিশৃঙ্খলা হইত না। রুশ যত অগ্রসর হইতেছে, ইংরাজদের তত ভয়ের সঞ্চার হইতেছে। তাহারা ভূমধ্য মহাসাগরে ক্রমে দুই এক খানি রণতরী পাঠাইতেছেন এবং সেখানে ক্রমে যুদ্ধের আয়োজন করিতেছেন। এই রূপ রাষ্ট্র ইটালি গবর্ণমেণ্ট রুশিয় গবর্ণমেণ্টের সঙ্গে যোগ দিয়াছেন এবং যদি ইংরাজদের রণতরী ডার্ডেনেলিসে প্রবেশ করে তাহা হইলে ইটালির রণতরী তাহাদিগকে বাধা দিবে।

———

“ কাবুলের আমির রাত্রি দিন সৈন্য সংগ্রহ করিবার নিমিত্ত ব্যস্ত রহিয়াছেন। আমির তাহার অধীনস্থ দুই জন গবর্ণরকে ১৮ হাজার সৈন্য সংগ্রহ করিবার আদেশ দিয়াছেন। সম্প্রতি কাবুলে যে সমুদয় সৈন্য সংগৃহীত হয় আমীর তাহা পর্য্যবেক্ষণ করিয়া উহার মধ্য হইতে বাছিয়া২ দুই হাজার সৈন্য জেনারেল হাইদার খাঁর অধীনে কান্দাহারে গমন করিতে আদেশ করিয়াছেন। আমির সম্প্রতি রুশ গবর্ণমেণ্ট হইতে আর দুই খানি পত্র প্রাপ্ত হইয়াছে। তিনি আজ্ঞা দিয়াছেন যে পেশোয়ার হইতে কোন মতে কাহাকে কাবুলে প্রবেশ করিতে না দেওয়া হয় এব যে কোন আফগান কাবুল হইতে ব্রিটীশ অধিকারে গমন করিবে তাহার উত্তম করিয়া যেন তলাশি লওয়া হয়। আমির তাহার এক পুত্রের সঙ্গে সোয়াতের আখন্দের কন্যার বিবাহ দেওয়ার প্রস্তাব করেন আখন্দ তাহাতে অসম্মত হইয়াছেন।

———

পোষ্টাফিশের কর্ত্তৃপক্ষীয়েরা সম্প্রতি কয়েকটী সুনিয়ম প্রবর্ত্তন করিয়াছেন। এখন পাকেট বাঙ্গির মাসুল ৪০ তোলা পর্য্যন্ত দুই আনা এবং ইহার উপর যত ৪০ তোলা অথবা তাহার কোন অংশ হইবে তাহার অতিরিক্ত দুই আনা মাসুল দিতে হইবে। পার্সেলের মাসুল ৪০ তোলা পর্য্যন্ত আট আনা এবং ইহার উপর যত ৪০ তোলা অথবা তাহার যে কোন অংশ হউক তাহার নিমিত্ত আর অতিরিক্ত চারি আনা মাসুল লাগিবে। পূর্ব্ব অপেক্ষা এই নিয়মে অনেক মাসুল কমিয়াছে। ইহারা দ্বিতীয় নিয়ম করিয়াছেন যে, রেজিষ্টরি পত্রে অতিরিক্ত এক আনা মাসুল দিলে রেজিষ্টরি পত্র প্রেরক যাহার নিকট পত্র পাঠাইবেন, পোষ্টাল বিভাগ তাহার নিকট হইতে রসিদ আনাইয়া প্রেরককে দিবেন। আবার পূর্ব্বের ন্যায় পত্রের কি সংবাদ পত্রের রিডাইরেক্ট মাসুল আগামী জানুয়ারি মাস হইতে লাগিবেনা।

সংবাদ।

—গত মেলে সম্বাদ আসিয়াছে যে ২৩ ও ২৪শে জুনে রুশেরা বটম আক্রমণ করে কিন্তু তুর্কীদের কর্ত্তৃক বিতাড়িত হয়। তুর্কী জেনারেল মুক্তারপাশা ক্রমাগত জয়ী হইতেছেন। দেলিবাবার যে পথ রুশেরা ক্রমাগত ৩৩ ঘণ্টা যুদ্ধ করিয়া অধিকার করে তাহা হইতে রুশেরা বিতাড়িত হইয়াছে। রুশেরা কারসেও কিছু করিয়া উঠিতে পারিতেছে না। তাহারা এখন বুঝিয়াছে যে আর্ম্মিনীয়াতে জয় লাভ করা তাহাদের পক্ষে তত সহজ হইবে না।

—অষ্ট্রিয়ার ভয় পাছে সার্ব্বিয়ারা বর্ত্তমান যুদ্ধের উত্তেজনায় আবার অস্ত্রধারণ করে। ইহারা যুদ্ধ আরম্ভ করিলে অষ্ট্রিয়ারও যুদ্ধে বিলিপ্ত হইতে হইবে। তাহা হইলে রুশিয়ার সঙ্গে অষ্ট্রিয়ার বিবাদ আরম্ভ হইবার সম্ভাবনা। এই বিবাদ যাহাতে না হয় রুশ সম্রাট প্রাণপণে তাহার যত্ন করিতেছেন। পাছে রোমানিয়দের দেখা দেখি সার্ব্বিয়াবাসিরা অস্ত্রধারণ করে এই নিমিত্ত রুশ সম্রাট নাকি রোমানিয় সৈন্যদলকে যুদ্ধ হইতে বিরত হইতে বলিয়াছেন। আবার সর্ব্বিয়ার রাজা প্লাইসটীতে উপস্থিত হইয়া রুস সম্রাটের সহিত দেখা করিবার ইচ্ছা প্রকাশ করেন। রুশ সম্রাট ইহা বারণ করিয়া পাঠান এবং সার্ব্বিয়দিগকে যুদ্ধ হইতে বিরত হইবার নিমিত্ত তিনি বিশেষ অনুরোধ করিতেছেন।

—কারসের গবর্ণর প্রকাশ করিয়াছেন যে রুশিয় সৈন্যেরা কাঝো নামক গ্রাম লুণ্ঠন করিয়া তথাকার স্ত্রী ও বালক বালিকাদিগকে উলঙ্গ করিয়া কারসে তাড়াইয়া দেয়। আরজরুমের গবর্ণর লিখিয়াছেন যে, রুশ সৈন্য যে স্থান দিয়া গমন করিতেছে সেখানকার লোকের উপর তাহারা নানাবিধ উৎপীড়ন করিতেছে। বিশেষতঃ স্ত্রী ও বালক বালিকার উপর তাহাদের নিষ্ঠুরতার সীমা রহিতেছে না।

—আমরা অন্যত্র একটী প্লিহ বিদীর্ণের কথা লিখিয়াছি। আবার ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের এক জন ইনস্পেক্টর কর্ত্তৃক আর একটী প্লিহা বিদীর্ণ হইয়াছে। ইনি এক জনকে প্রহার করেন এবং প্রহার প্রাপ্ত হইবার চারি দিন পর এই ব্যক্তির মৃত্যু হয় এবং প্রহার করার চারি দিন পরে নাকি ইহার প্লিহা ফাটিয়া যায়। অনেক আশা করিয় ছিলেন যে ফুলার সাহেবের মকর্দ্দমা হওয়ার পর এদেশে ইংরাজেরা আর এদেশীয়দিগের প্রতি পশুর ন্যায় ব্যবহার করিবেন না, কিন্তু আশ্চর্য্যের বিষয় ফুলার সাহেবের মকর্দ্দমা হওয়ার পর যেন এদেশে প্লিহা অধিক বিদীর্ণ হইতেছে।

সুতরাং লর্ড লিটন ফুলার সাহেবের মকদ্দমায় হস্তক্ষেপ করিয়া এদেশীয় ইংরাজ কর্ত্তৃক নর হত্যা নিবারণ করিতে পারেন নাই; ইহা বৃদ্ধি হইয়াছে কিনা তাহা বলা যায় না। ফল লর্ড লিটনের কার্য্য দ্বারা হাইকোর্টের যে ক্ষমতা খর্ব্ব হইয়াছে তাহার কোন ভুল নাই।

—সম্প্রতি আবেট নামক এক জন সাহেব তাহার মালিকে যষ্টির দ্বারা প্রহার করে। মালি মাজিষ্ট্রেটের নিকট নালিস করে এবং মাজিষ্ট্রেট আবট সাহেবকে ৩ টাকা জরিমানা করেন। ষ্টেটসম্যান উপহাস করিয়া লিখিয়াছেন, ভাগ্যে মালির মৃত্যু হইয়া ছিল না, কারণ ইহার মৃত্যু হইলে আবট সাহেব বিপদে পড়িতেন, কিন্তু প্রকৃতপক্ষে মালির মৃত্যু না হওয়াতে আবট সাহেবের ৩ টাকা জরিমানা হইল, ইহার মৃত্যু হইলে হয়ত সাহেব নিরপরাধে খালাস পাইতেন।

—মৌলবি সোয়েদ মরুদ্দিন আহমদ এবং মৌলবি লাল ফার রহমান বিদ্যাভ্যাসের নিমিত্ত ইংলণ্ড গমন করিতেছেন। ইহারা সেন্টযেবিয়ারস্ কালেজে পড়িতেন এবং মাহামুদেন লিটারেরি সভার সভ্য। লিটারেরি সভার উদ্যোগে ইহারা বিলাত গমন করিতেছেন। এই সভা কর্ত্তৃক এই দুই জন দিয়া ছয় জন মুসলমান বিলাতে প্রেরিত হইলেন।

—ইউরোপের বর্ত্তমান যুদ্ধে কেবল ইউরোপীয় সম্রাটগণ যুদ্ধ সংক্রান্ত উপদেশ প্রাপ্ত হইতেছেন না, আমাদের ব্রহ্মদেশের রাজাও ইহা অতি মনোনিবেশ পূর্ব্বক অধ্যয়ন করিতেছেন। এই যুদ্ধে রুশেরা প্রথম টর্পিডো ব্যবহার করিয়াছেন। ইংরাজদিগের বল ভরসা রণতরী এবং টর্পিডো জলযুদ্ধের যম। তুর্কীদিগের এরূপ দুরবস্থার কারণ অনেক অংশে টর্পিডো। তুর্কীরা যদি ড্যানিউব নদীতে অবলীলাক্রমে রণতরী লইয়া বেড়াইতে পারিতেন তাহা হইলে রুশেরা এত শীঘ্র ড্যানিউব পার হইতে পারিতেন না। ইংরাজেরা টর্পিডো দেখিয়া ভীত হইয়াছেন এবং কিরূপে এই সাংঘাতিক যন্ত্র হইতে রণতরী রক্ষা করা যায় তাহার উপায় দেখিতেছেন। ব্রহ্মদেশের রাজা এই টর্পিডো দ্বারা মান্দালানগর রক্ষার উপায় উদ্ভাবন করিতেছেন। শত্রুর রণতরী রাজধানী আক্রমণ করিতে না পারে এই নিমিত্ত তিনি যে জল পথে নগরে উপস্থিত হইতে হয় তাহাতে টর্পিডো রাখিবেন এই রূপ মনন করিতেছেন।

—মান্দ্রাজে জানুয়ারি হইতে জুন এই ছয়মাসে পঁচিশ হাজার লোকের মৃত্যু হইয়াছে। মান্দ্রাজে আবার দুর্ভিক্ষ হইবার সম্ভাবনা। বিধাতা না করুন কিন্তু যদি মান্দ্রাজে এবার আবার দুর্ভিক্ষ উপস্থিত হয় তাহা হইলে ভারতবর্ষের এই খণ্ড হয়ত জনশূন্য হইবে। মান্দ্রাজ ও বোম্বাইয়ে এবার অন্নকষ্টের নিমিত্ত যত লোক মরিয়াছে সে বৎসর উড়িষ্যাতে ইহা অপেক্ষা অনেক কম লোক মরে। সে বৎসর লেফটেনেন্ট গবর্ণরের অনবধানতায় তথায় লোক মরে, এবং এ বৎসর কর্ত্তৃপক্ষীয়েরা জানিয়া শুনিয়া মান্দ্রাজ ও বোম্বাইবাসীদের প্রতি তাচ্ছিল্য করেন, অথচ সেবার পার্লিয়ামেণ্টে ইহা লইয়া এরূপ তুমুল হয় যে বিডেন সাহেব কর্ম্ম পরিত্যাগ করিতে বাধ্য হন, কিন্তু এবার দুর্ভিক্ষ লইয়া পার্লিয়ামেণ্টে একটী কথাও উঠিল না। মুসলমানের রাজ্য ভারতবর্ষে যত পুরাতন হয় তত ভারতবর্ষবাসীদের আধিপত্যের বৃদ্ধি হয়, তাহাদের সুখ সমৃদ্ধি বাড়ে, কিন্তু ইংরাজদের রাজ্য যত পুরাতন হইতেছে তত তাহারা আমাদিগকে কঠোর শাসনাধীনে আনিতেছেন, আমাদের প্রতি তাহারা তত তাচ্ছিল্য করিতেছেন। এক জন আমাদের উন্নতি দেখিয়া আনন্দিত হন এবং রাজ্যের অনেক গুরুতর ভার আমাদের হস্তে অর্পণ করিয়া সুখবিলাসে জীবন অতিবাহিত করিতে যত্ন করেন, আর একজন আমাদের উন্নতি দেখিয়া ক্রমেই ভীত হইতেছেন, পাছে তাহারা শেষে আমাদের হস্তে রাজ্য ভার দিতে বাধ্য হন।

—ক্রিমিয়া হইতে অনেক মুসলমান গোপনে আরদেহান এবং কনেষ্টেণ্টিনোপোলে গমন করিতেছে। রুশ গবর্ণমেণ্ট অনেক যত্ন করিয়াও ইহাদিগকে নিবারণ করিতে পারিতেছেন না।

—মক্কার প্রধান সেরিফ আবদুল্লা বিনউনের মৃত্যু হইয়াছে। তাঁহার ভ্রাতা হোসেন পাশা তাঁহার পদে নিযুক্ত হইতেছেন। হোসেনপাশা আপাততঃ কনেষ্টেণ্টিনোপোলে অবস্থিতি করিতেছেন।

—এই রূপ রাষ্ট্র যে আরদেহানে রুশেরা আর্ম্মেনীয় স্ত্রী ও পুরুষদের উপর পশুর ন্যায় ব্যবহার করে। রুশ কর্ত্তৃপক্ষীয়েরা ইহা নিবারণ করিবার নিমিত্ত অনেক গুলি সৈন্য গুলি করিয়া মারিয়া ফেলিয়াছেন।

—লালপুরের নারোজখাঁর সহসা মৃত্যু হওয়াতে নানা জনে ইহার মৃত্যুর নানা কারণ কহিতেছেন। অনেকে আমিরের প্রতিও ইঙ্গিতের দোষারোপ করিতেছে।

—যেখানে মুসলমান আছে সুলতান সেই খানেই সাহাযের নিমিত্ত লোক প্রেরণ করিতেছেন। তিনি টিউনিসের বের নিকট সাহায্য চাহিয়া পাঠান। বে বলিয়াছেন যে তিনি সৈন্য সামন্ত দ্বারা সুলতানের সাহায্য করিতে পারিবেন না, তিনি অর্থ সাহায্যের যত্ন করিবেন। সুলতান মোরক্কর সম্রাটের নিকটও লোক প্রেরণ করিয়াছেন, মরোক্কো সম্রাট সমাদরে সুলতানের প্রেরিত দূত গ্রহণ করিয়াছেন কিন্তু এখনও কোন উত্তর প্রদান করেন নাই।

—গবর্ণর জেনারেল সাব্যস্ত করিয়াছেন যে, সরকারি কার্য্যের নিমিত্ত মফস্বলে গমন করিলে রাজকর্ম্মচারিরা এখন যেরূপ হলটিং পান অর্থাৎ মফস্বলের কোন স্থানে অবস্থিতি করিয়া কাজ কর্ম্ম করিলেও কিয়ৎ পরিমাণে পাথেয় পান, তাহা তাহারা আর পাইবেন না। তবে যদি স্থানীয় কর্ত্তৃপক্ষীয়েরা বিশেষ কোন কারণ দর্শাইয়া অনুরোধ করেন তাহা হইলে তাহারা পাথেয় পাইবেন, কিন্তু দশ দিনের অধিক কাল যদি কেহ এক স্থানে থাকেন তাহা হইলে তিনি কেবল দশ দিনের হলটিং পাইবেন। তাহার অতিরিক্ত কালের নিমিত্ত কিছু পাইবেন না।

—আমেরিকা হইতে ইংলণ্ডে বস্ত্রের রপ্তানি দিন দিন যেরূপ বৃদ্ধি হইতেছে তাহাতে বলা যায় না মাঞ্চেষ্টরবাসীদের পরিণামে কি হয়। গত বৎসর এপ্রেল মাসে আমেরিকা হইতে যে কাপড় আসে তাহা অপেক্ষা শতকরা ৩৫ টাকার অধিক কাপড় বর্ত্তমান বৎসরের এপ্রেল মাসে আমদানি হইয়াছে। ইংলিশম্যান এই সম্বাদটী প্রকাশ করিয়া মাঞ্চেষ্টরবাসীদিগকে জিজ্ঞাসা করিয়াছেন যে তাহারা যেন শুল্ক উঠাইয়া দিয়া ভারতবর্ষের বস্ত্র ব্যবসায়ীদিগকে খর্ব্ব করিবেন কিন্তু আমেরিকাবাসীদের কি করিবেন স্থির করিয়াছেন? যত দিন ভারতবর্ষ ইংরাজদিগের অধীন আছে তত দিন মাঞ্চেষ্টরবাসীদের ভয় কি? ইংলণ্ডে তাহাদের বস্ত্র বিক্রয় না হয় এখানে উহা বিক্রয় হইবে। যে গবর্ণমেণ্ট এখন বস্ত্রের শুল্ক উঠানের প্রস্তাব করিতেছেন সেই গবর্ণমেণ্ট মনোযোগ করিলে মাঞ্চেষ্টরবাসীদের কিসের দুঃখ থাকিবে? তাহারা নিয়ম করিলেই পারিবেন যে বিলাতি বস্ত্র ভিন্ন দেশী বস্ত্র ভারতবর্ষবাসীরা পরিধান করিতে পারিবে না এবং যে আইন অনুসারে তাহারা লবণের একচেটিয়া করিয়াছেন সেই আইন অনুসারে মাঞ্চেষ্টরবাসীরা এদেশে বস্ত্রের একচেটিয়া করিতে পারিবেন।

—বোখারায় রুশদিগের এরূপ আধিপত্য অথবা বোখারার আমির রুশদিগকে এত ভয় করেন যে কোন রুশ তাঁহার প্রজাকে হত্যা করিলেও তিনি তাহার বিরুদ্ধে কোন অভিযোগ করিতে সাহস করেন না। এইরূপ রাষ্ট্র কাবুলে রুশদিগের আধিপত্য হইয়াছে। ইতিপূর্ব্বে রাষ্ট্র হয় চিন দেশেও তাহাদের আধিপত্য আছে। বোখারাতেও তাহাদের আধিপত্যের কথা শুনা যাইতেছে। আবার পারস্যের সাহা তাহাদের বন্ধু, সুতরাং এ সমুদয় কথা যদি সত্য হয় তাহা হইলে আসিয়ার মধ্যে ভারতবর্ষ ছাড়া আর সমুদয় স্থানে তাহারা আধিপত্য স্থাপন করিয়াছেন।

—পোলাণ্ড হইতে তুর্ক সৈন্যদলে ক্রমাগত সৈন্য আগমন করিতেছে। ড্যানিউবনদীর তীরে তুর্কদের যে সৈন্য দল আছে সম্প্রতি সেখানে দুই হাজার পোলাণ্ডবাসী যোগ দিয়াছে।

—ইংলণ্ডে সম্প্রতি একটী খনি বিদীর্ণ হইয়া বিস্তর লোকের প্রাণ নষ্ট হয়। এই দুর্ঘটনাতে যে সমুদয় বালক বালিকা ও রমণীরা সর্ব্বস্বান্ত হয় তাহাদের সাহায্যার্থে বর্দ্ধমানের মহারাজা দুই হাজার টাকা প্রেরণ করিয়াছেন। এই দুর্ঘটনার সময় যাহারা বীরত্ব প্রকাশ করে মহারাজা তাহাদিগকেও দুই হাজার টাকা পুরস্কার প্রদান করিবেন।

—সুলতান স্বদলে আনিবার নিমিত্ত স্বহস্তে পারস্যের সাহাকে পত্র লিখেন। সাহার রাজবিচারালয়ে ইংরাজ প্রতিনিধি টমসন্ সাহেবও ইহার নি[illegible] বিস্তর যত্ন করেন, কিন্তু রুশিয়ার চক্রান্তে ইহাদের যত্ন বিফল হইয়াছে।

—সম্প্রতি দিল্লীর দুর্গস্থ হাঁসপাতালে একটী শোচনীয় ঘটনা উপস্থিত হইয়াছে। হাঁসপাতালস্থ একজন গোরা রোগী রাত্রে শয্যা পরিত্যাগ করিয়া বারান্দায় গমন করে, সেখানে গিয়া দেখে পাখাটানা কুলি নিদ্রা যাইতেছে। গোরা ইহাতে বিরক্ত হইয়া কুলিকে পদাঘাত করে এবং কুলির ইহাতে প্রাণত্যাগ [illegible] ইংরাজদের শাস্ত্র অনুসারে এরূপ মৃত্যু অর্থাৎ যেখানে সাহেব কর্ত্তৃক এদেশীয়ের প্রাণত্যাগ হয় সেখানে তাহার প্লিহা বিদীর্ণ হইয়া মৃত্যু হয়। এরূপ স্থানে হত্যাকারীর উর্দ্ধ সংখ্যা কিছু অর্থদণ্ড অথবা অর্থ দণ্ড না দিতে পারিলে দুই এক দিনের নিমিত্ত কারাগারে অবস্থিতি করিতে হয়, এবং বিশেষ প্রমাণ না পাইলেও হত্যাকারীর প্রতি এরূপ দণ্ড হয় না।

—তুর্কির সুলতানের পূর্ব্ব হইতেই অর্থের অনাটন ছিল, তাহার পর আবার যুদ্ধ আরম্ভ হইয়াছে। যুদ্ধে যে কত অর্থ ব্যয় হইতেছে তাহার সীমা নাই। এবং এই ব্যয় সকুলানার্থে তুর্ক গবর্ণমেণ্ট নিয়ম করিয়াছেন যে, প্রত্যেক রাজকর্ম্মচারী যত দিন যুদ্ধ থাকিবে তত দিন শত করা ৪০ টাকা কম বেতন পাইবেন।

—রষ্টক নামক স্থানে রুশেরা আবার টর্পিডো দ্বারা তুর্কদিগের আর এক খানি যুদ্ধের জাহাজ নষ্ট করা[illegible] যত্ন করে, কিন্তু তাহারা কৃতকার্য্য হইতে পা[illegible] নাই।

—তুর্কি গবর্ণমেণ্ট সর্ব্বত্র রাষ্ট্র করিতেছেন যে, রুশেরা ককেসসের বিদ্রোহীদের প্রতি ভয়ানক অত্যাচার করিতেছে।

—সিংহলদ্বীপের কান্দিনগরবাসী মুসলমানেরা তুর্কির সাহায্যার্থে অর্থ সংগ্রহ করিতেছেন। এখানে ইহার মধ্যেই ৫০ হাজার টাকা সংগৃহীত হইয়াছে, আরো হাজার দশেক টাকা বোধ হয় এখানে সংগৃহীত হইবে।

—কলিকাতার গড় সম্বন্ধে সিবিল মিলিটরি গেজেট এইরূপ লিখিয়াছেন। ভারতবর্ষের ইংরাজদিগের অন্যান্য দুর্গের ন্যায় এ দুর্গটীও নিতান্ত অকর্ম্মণ্য। শত্রু আক্রমণ করিলে ইহা দ্বারা কিছু মাত্র রক্ষা পাওয়ার সম্ভব নাই এবং এই নিমিত্ত তিনি ইহা সংস্কার করিবার নিমিত্ত আর অর্থ ব্যয় না করিয়া ইহা পরিত্যাগ করিতে পরামর্শ দিয়াছেন। তিনি লিখিয়াছেন এ দুর্গটী বাণিজ্য ব্যবসায়ীদের উৎকৃষ্ট বাণিজ্যালয় ও গুদাম হইবে। ফরাশিরা ইংরাজদিগকে দোকানদার বলিয়া রহস্য করেন, সুতরাং ইংরাজদের নির্ম্মিত দুর্গে যে উত্তম বাণিজ্যালয় এবং গুদাম হইবে তাহার বিচিত্র কি।

—এপিস্কোপেল জুবিলি নামক [illegible] ধর্ম্ম উৎসব উপলক্ষে পোপ মণি মু[illegible]

…প্রাপ্ত হন তাহার মুল্য ৪ কোটি ফ্রাঙ্ক হইবে। …য়ক চোর এই অর্থ রাত্রি যোগে পোপের ধনাগার …তে অপহরণ করার উদ্যোগ করে কিন্তু দস্যুদিগের মধ্যে এক জন বোধ হয় ধর্ম্ম ভয়ে ইহা প্রকাশ করিয়া দেয় এবং এই নিমিত্ত তাহাদের উদ্দেশ্য সফল হয়না। এক ফ্রাঙ্কের মুল্য ছয় আনা।

—লাহোরে সম্প্রতি একজন বাঙ্গালি এক জন হিন্দু স্থানীর কন্যা বিবাহ করিয়াছেন। বাঙ্গালি জাতিতে শূদ্র এবং হিন্দু স্থানী ক্ষত্রীয়। ১৮৭২ খৃঃ অব্দের ৩ আইন অনুসারে এই বিবাহ হইয়াছে।

—লণ্ডনে ক্রমে মশার উপদ্রব বৃদ্ধি হইতেছে। ভারতবর্ষের সংস্রবে আসিয়া ইংলণ্ডবাসীরা কেবল বিলাসপ্রিয়, নিস্তেজ ও নির্বীর্য্য হইতেছেননা, ইংলণ্ডের প্রাকৃতিক ভূগোলের পরিবর্ত্তন হইতেছে। ইংলণ্ডে এখন সময় সময় এরূপ গ্রীষ্ম হয় যে পাখা ব্যবহার করিতে হয়, আবার মশার উপদ্রব ক্রমে বৃদ্ধি হইতেছে।

—ইংলণ্ডে যে দিন প্রথম মুদ্রাঙ্কন প্রবর্ত্তিত হয় সে দিন প্রতি বৎসর এ সম্বন্ধে এক একটী উৎসব হইয়া থাকে। সম্প্রতি ইহার চারি শত বার্ষিক উৎসব হইয়া গিয়াছে।

—জয়পুরের মহারাজা কলিকাতার ন্যায় জয়পুরে জলের কল স্থাপন করার যত্ন করিতেছেন এবং এই নিমিত্ত ৪০ হাজার টাকা মঞ্জুর করিয়াছেন। তিনি আপনার দেশের মধ্যে দেশীয় নাটকাভিনয় প্রচলিত করার অভিপ্রায়ে জয়পুরে একটী নাটকের দল স্থাপন করিবার উদ্যোগ করিতেছেন, আবার পাছে ইউরোপের যুদ্ধের হিল্লোলে ভারতবর্ষ কম্পিত হয় এই নিমিত্ত সৈন্যদিগকে যত্ন পূর্ব্বক যুদ্ধ শিক্ষা দিতেছেন।

—বরদার গাইকোয়াড়কে পদচ্যুত করিয়া ইংরাজদিগের কি উপকার হয় ইহার উত্তর বরদার মন্ত্রী সার মাধব রাও অনেক স্থলে অনেক রূপে প্রদান করিয়াছেন। সম্প্রতি আবার ইংরাজেরা বরদায় উপস্থিত হইলে তাঁহাদের কোন কষ্ট না হয় এই নিমিত্ত রাজ কোষ হইতে অর্থ ব্যয় করিয়া তাহাদের বাসের নিমিত্ত একটী অপূর্ব্ব গৃহ প্রস্তুত করিয়াছেন।

প্রেরিত।

রাণাঘাট ডিঃ ম্যাজিষ্ট্রেট।

বিগত ২২শে আষাঢ়ের অমৃত বাজার পত্রিকায় "কাঁচড়াপাড়া" মহাশয় রাণাঘাটের ডেপুটী ম্যাজিষ্ট্রেট বাহাদুরের যে কিঞ্চিৎ গুণ কীর্ত্তন করিয়াছেন তাহাতে তাঁহার প্রকৃত গুণের শতাংশের একাংশও প্রকাশিত হয় নাই। হাকিম বাহাদুরের শুদ্ধ মেজাজ দোষে আমরা কষ্ট পাই এমত নহে, তাঁহার কার্য্য প্রণালীতে সর্ব্ব সাধারণে জ্বালাতন হইয়া উঠিয়াছে।

১। ডিপুটী বাবুর এজলাসে বসিবার এবং এজলাস পরিত্যাগ করার সময়ের স্থিরতা নাই। কখন২ দুই প্রহর, কখন বা বৈকালে, কখন সন্ধ্যার সময়ে এবং কখন বা প্রাতঃকালে বিচার কার্য্য আরম্ভ করিয়া থাকেন। সর্ব্ব সাধারণের সুবিধার প্রতি কিছু মাত্র দৃষ্টিপাত না করিয়া নিজের সুবিধা মত, কিম্বা আপন ইচ্ছামত সময়ে কাছারি করাতে, লোকের কি প্রকার কষ্ট ও ক্ষতি হয় হাকিম তাহার কিছু মাত্র বিবেচনা করেন না। হাকিম যে সময়েই কাছারি আইসেন না কেন, আমলা মোক্তার, এবং আছেলা মামলা, সকলেই বেলা দশটার মধ্যে কিঞ্চিৎ আহার করিয়া দুই প্রহরের পুর্ব্বে কাছারিতে হাজির হইতে হয়। কিন্তু রাত্রি দশটার পূর্ব্বে হাকিমের এজলাস প্রায় বরখাস্ত হয় না। এবং মধ্যে২ এত অধিক রাত্রি হয়, যে কাছারি হইতে লোক জন ফিরিয়া আসিবার সময়ে, পাহারাওয়ালারা তাহাদিগকে গ্রেপ্তার করিতে উদ্যত হয়। …তে দশটার সময়ে কিঞ্চিত আহার করিয়া কখন হাকিম আসিবেন প্রতীক্ষা করিয়া রাত্রি দশটা পর্য্যন্ত থাক, লোকের পক্ষে কি প্রকার সুখজনক ব্যাপার তাহা বলা বাহুল্য। এজলাসে বসিয়া রাত্রি দশটা পর্য্যন্ত হাকিম কি২ কার্য্য করেন তাহা জানিতে অনেকের কৌতুহল হইতে পারে। অধিকাংশ সময় মকর্দ্দমার বিচার এবং রেজিষ্টারি কার্য্যে অতিবাহিত হয়। বাদী প্রতিবাদী সাক্ষী এবং উকীল মোক্তারগণের তর্জ্জন গর্জ্জন করিতেও অনেক সময় নষ্ট হয়, এবং হাকিম স্বয়ং নিজগুণ কীর্ত্তন করিয়াও কিয়দংশ সময় ব্যয় করেন। এইরূপে সময় নষ্ট হইয়া রাত্রি অধিক হওয়াতে লোকের সমূহ কষ্ট, অথচ আসল কার্য্য হয় না, মকর্দ্দমা মুলতুবি পড়ে।

২। হাকিম আছেলা মামলা এবং মোক্তারগণের প্রতি অপমানসূচক বাক্য প্রয়োগ করার বিষয় "কাঁচড়াপাড়া" মহাশয় যাহা লিখিয়াছেন তাহা প্রকৃত। যদি কোন মোকর্দ্দামার আশামীর প্রতি হাকিমের রাগ হয়, তাহা হইলে মকর্দ্দমার শেষ নিষ্পত্তির পুর্ব্বেই তর্জ্জন গর্জ্জন সহিত হাকিম এজলাসে বসিয়া আশামীকে বলিয়া থাকেন যে তাহাকে দণ্ড করিবেন। সচরাচর লোকে বলে যে "হাকিম ফেরেতো হুকুম ফেরে না" কিন্তু সৌভাগ্যের বিষয় এই যে আমাদিগের এই হাকিমের হুকুম প্রায়ই ফেরে।

৩। আমাদিগের হাকিম বাহাদুর অত্যন্ত এক গুঁয়ে। বলিতে কি "শুয়োরের গোঁ" অপেক্ষা হাকিমের গোঁ অধিক; গোঁ ধরিলে ন্যায় অন্যায় জ্ঞান থাকে না। বিচারপতি সম্বন্ধে এ প্রকার গোঁ অতীব শোচনীয়।

৪। ডিপুটী বাবু মুফ্‌তী দরখাস্তের প্রতি নির্ভর করিয়া সময়ে২ অবৈধ গর্হিত হুকুম দিয়া থাকেন। একবার বাবুর নিকট এরূপ একখানা মুফ্‌তী দরখাস্ত পড়ে যে (একজন গৃহস্তের নামোল্লেখ) অমুকের বাটীতে একটী বিধবা স্ত্রী লোকের গর্ভ হইয়াছে, ইহাতে পুলিষের প্রতি ডিপুটী বাবু এই হুকুম দেন যে পুলিশ নেটিব ডাক্তার দ্বারা স্ত্রী লোকটিকে পরীক্ষা করাইয়া গর্ভ হওয়া প্রকৃত কিনা এবিষয়ে অবধারণ করেন এবং যদি প্রকৃত হয় তবে সর্ব্বদা সতর্ক থাকে, কেহ গর্ভ নষ্ট না করে। পুলিশ হাকিমের হুকুম তামিল করিয়াছে। প্রথমতঃ মুফ্‌তী চিটি অবলম্বন করিয়া এরূপ হুকুম দেওয়া অতি অন্যায়। এ প্রথানুযায়ী কার্য্য চলিলে দুষ্ট লোকদিগের উৎসাহ বৃদ্ধি করা হইবে এবং তাহারা অনায়াসে মিথ্যা অপবাদ দিয়া ভদ্র পরিবারকে কলঙ্কিত করিতে পারিবে। দ্বিতীয়তঃ দণ্ডবিধির আইন অনুসারে গর্ভ হওয়া অপরাধ নহে, গর্ভ নষ্ট করাই অপরাধ। ডাক্তারের দ্বারা গৃহস্তের স্ত্রী লোকের পরীক্ষা করা দূরে থাকুক, বেশ্যা পরীক্ষা করিলেও সে তাহা অতি অপমানসূচক ও কলঙ্কের কারণ জ্ঞান করে। এমত অবস্থায় কোন আইন বা যুক্তি অনুসারে হাকিম হুকুম দিলেন তাহা বোধগম্য নহে। এ হুকুম সম্পূর্ণ অন্যায় ও অবৈধ এবং তাঁহার ক্ষমতার অতিরিক্ত কার্য্য। যদি স্ত্রীলোকটী পরীক্ষার্থে নেটিব ডাক্তারের সম্মুখে উপস্থিত না হইত তাহা হইলে দণ্ডবিধি আইন অনুসারে তাহার কি অপরাধ হইত?

রাণাঘাট।

পত্র প্রেরকের প্রতি।

শ্রীঈশ্বরচন্দ্র শর্ম্মন—লাইব্রেরীর দ্বারা কত উপকার হয় ইহা বর্ণন করিয়া লিখিয়াছেন যে, হাবড়ার অন্তর্গত নারানা গ্রামে একটি লাইব্রেরী স্থাপিত হইয়াছে, এবং উহার উন্নতির নিমিত্ত গ্রন্থকার, সম্বাদ পত্র সম্পাদক, মহারাণী স্বর্ণময়ী, মহারাণী শরৎ সুন্দরী; মহারাণী শ্যামমোহিনী, এবং বর্দ্ধমানাধিপতি প্রভৃতি প্রধান২ লোকের নিকট সাহায্য প্রার্থনা করিয়াছেন।

জনেক ভদ্রলোক—গাংমারার ডেঃ পোষ্টমাষ্টারের একটি অনুচিত কার্য্যের বিষয় উল্লেখ করিয়া লিখিয়াছেন। যদি তিনি প্রকৃত এরূপ কার্য্য… থাকেন তাহা হইলে পত্র প্রেরক পোষ্টমাষ্টার জে… রালকে লিখিলে তাহার উদ্দেশ্য সাধন হইতে পা…

নবাবগঞ্জ প্রত্যক্ষদর্শী—ম্যাজিষ্ট্রেটের নিকট… তে পুলিশের নামে নালিশ হয় তাহা করিবে… মকর্দ্দমা উপস্থিত হইলে আমাদিগকে লিখিবেন।

শ্রীমহিরাম কোল—আপনার প্রেরিত বিষয়… কায় প্রকাশিত হইলে কোন ফলই হইবেনা, সাধারণ লোকের চরিত্রগত দোষ সংবাদ পত্রে প্র… করাও রীতি বিরুদ্ধ।

শ্রীহরিশ চন্দ্র মিত্র—আপনি যে বিষয় লিখিয়া… তাহা অতিশয় গুরুতর। আমরা উক্ত বিষয় অনু… করিতেছি। সত্য হইলে অবশ্য প্রকাশ করিব।

শ্রীচন্দ্রকান্ত রায়—আপনি যে সম্বন্ধে লিখিয়া… তাহাতে আর বড় একটা আশা নাই, কারণ পোষ্ট মাষ্টারদের বেতন বৃদ্ধি হওয়া দূরে থা… বরং কর্ত্তৃপক্ষেরা তাহাদের বেতন কমাইবার চে… করিতেছেন।

বিজ্ঞাপন।

জুলজিকেল গার্ডেন।
আলিপুর
শ্রীরাজকীয় প্রাণীবাটিকা উদ্যান
প্রবেশের নিয়ম।

সোমবার........................./০
মঙ্গলবার.........................।০
বুধবার.........কেবল মেম্বর এবং দাতব্যকারী ব্যক্তিরাই প্রবেশ করিতে পারিবেন
বৃহস্পতিবার.....................।০
শুক্র বার.........................।০
শনি বার........................./০
রবি বার..........................।০

সিজেন টিকেট অর্থাৎ ১৮৭৭ সনের ৩০ জুন পর্য্যন্ত বুধবার ভিন্ন অন্য সকল বারে প্রবেশ করিবার টিকেট।

কেবল টীকেট গ্রহীতা গাড়ী, ঘোড়ায় চড়িয়া কি হাটিয়া প্রবেশ করিবার ফিঃ মং ২৫ টাকা।

কেবল টীকেট গ্রহীতা ঘোড়ায় চড়িয়া কি হাটিয়া প্রবেশ করিবার ফিঃ মং ১৬ টাকা।

বুধবার কেবল মেম্বর অর্থাৎ যাঁহারা এক শত টাকা দান করিয়াছেন এবং ডোনার যাহারা এক সহস্র টাকা দান করিয়াছেন তাঁহাদিগের জন রক্ষিত থাকিবেক।

চান্দাদাতা ভিন্ন ব্যক্তিদিগের গাড়ী ও ঠিকা গাড়ী প্রতি মং ১ টাকা। ঘোড়া প্রতি ।০ আনা এবং পালকি প্রতি ।০ আনা অতিরিক্ত ফিঃ দিতে হইবে।

কল খোলা হইয়াছে। চান্দাদাতা ব্যক্তিরা ফি… অর্থাৎ ফিঃ ব্যতীত এবং অপর সাধারণ ব্যক্তিরা মং ১ টাকা ফিঃ দিলে প্রবেশ করিতে পারিবেন।

প্লেসরবোট অর্থাৎ বিলাস তরণীর ভাড়া প্রতি ঘণ্টায় এক টাকা মং ১্।

ইউরোপীয় এবং এতদ্দেশীয় ব্যক্তিদিগের আহারাদি করিবার গৃহ খোলা হইয়াছে।

মেম্বর এবং ডোনার অর্থাৎ দাতব্যকারী ব্যক্তিরা প্রত্যহ সপরিবারে গাড়ি নিয়া ফ্রি অর্থাৎ ফিঃ ব্যতীত প্রবেশ করিতে পারিবেন।

H. M. Tobin
Hon. Secretary.

DR. H. C. GANGOOLY'S
SPECIFIC PILLS.
(Infalliable cures.)

Gonœrhea and Gleet, chancre and other sores on the private parts and Lecorrhea (The whites.) Each sort to be had in Boxes containing one dozen pills, price per box Rs. 2-8, with postage Rs 2, Ans. 12.

Generally no second box will be required. Directions for use accompany each box. To be had only at No. 7 Bagbazar Street Calcutt…

বিজ্ঞাপন।

" চিতোর চাতকিনী ।"

অদ্ভুত ঐতিহাসিক আখ্যায়িকা প্রতি শুক্র- এক এক ফরমা করিয়া প্রকাশিত হইয়াছে। ...রমা প্রকাশ হইয়াছে। মুল্য ফরমা প্রতি ১০ ...য়সা মাত্র। মফস্বলের গ্রাহকগণকে অতিরিক্ত ...আনা হিসাবে ডাক মাশুল দিতে হইবে।

৩১ নং কর্ণওয়ালিস ষ্ট্রিট শ্রীশ্রীশচন্দ্র ভট্টা- ...র্য্যের নিকট প্রাপ্তব্য।

...মৃত রেলিং (Rehling) সাহেবের ইষ্টেট ভুক্ত রঙ্গ ...র সদর ষ্টেসন স্থিত একটি ইষ্টক নির্ম্মিত বাসো- ...যুক্ত বাটি, যাহা বানকের কুটী নামে বিখ্যাত, ...ং ঐ বাডীর সামীল আশি বিঘা নিষ্কর ভূমিন ...আগামী ১৩ই আগষ্ট দিবা ১ টার সময় রঙ্গপুর জজ ...আদালতে উক্ত কোর্টের নাজিরের দ্বারা নীলাম ...বিক্রীত হইবেক। ১০,০০০ দশ হাজার টাকার ...ন্যূনমুল্যে বিক্রয় করা যাইবেক না।

H. Beverielp

১৩ই জুলাই ১৮৭৭।   এং জজ, রঙ্গপুর।

কেতাবের দোকান। কেতাবের দোকান। কেতাবের দোকান !

৫৬ নং পুরাতন চিনা বাজারের মোড়ে বি, এম, মুখোপাধ্যায়ের দোকানে পত্র লিখিলে অনেক রকম স্কুলের কেতাব ও নাটক পাই- বেন।

মার্শমেন সাহেবের বা কেরি সাহেবের কৃত ডিক্‌সনারি।

১ম ভলম। বাঙ্গলা হইতে ইংরাজি তরজামা করিবার নিমিত্ত মুল্য ৩ টাকা বাদ কমিসন ॥০ ডাকমাশুল ।৵০ আনা। ২য় ভলম। ইংরাজি হইতে বাঙ্গলা (বড় কেতাব) মানে দেখিবার জন্য মুল্য ৩ টাকা বাদ কমি- সন ॥৵০ ডাকমাশুল ।৵০। একত্রে দুই ভলম লইলে ডাক মাশুল ১৵০ আনা লাগি- বেক।

সুরেন্দ্র বিনোদিনী নাটক ॥

মূল্য ১ টাকা ডাক মাসুল এক আনা।

প্রধান প্রধান সকল পুস্তকালয়েই প্রাপ্তব্য।

"সুরেন্দ্র বিনোদিনীর রচয়িতা আমাদিগের সকলেরই কৃতজ্ঞতা ভাজন।"—বান্ধব (ঢাকা)

DR. H. C. GANGOOLY'S

SPECIFIC PILLS.

(Infalliable cures.)

Gonœrhea and Gleet, chancre and other sores on the private parts and Lecorrhea (The whites.)

Each sort to be had in Boxes containing one dozen pills, price per box Rs. 2-8, with postage Rs 2, Ans, 12.

Generally no second box will be required. Direotions for use accompany each box. To be had only at No. 7 Bagbazar Street Calcutta.

: সিন্‌কোণা জ্বরঘ্ন

ইহা গভর্ণমেণ্টর দ্বারা দার্জ্জিলিঙ্গে প্রস্তুত হইতেছে।

কুইনাইনের ন্যায় ইহা সামান্য এবং কম্প- জ্বরের চিকিৎসার সমান উপকারী ঔষধ টিনে আঁটা এক পৌণ্ডের মূল্য ২০ টাকা ডাক খরচা ১ টাকা অতিরিক্ত লাগিবে। কলিকাতার সন্নিকটে হাবড়াস্থ বোটানিকেল গার্ডনের সুপারিণ্টে- ণ্ডেণ্ট সাহেবের নিকট মূল্য সহ আবেদন পত্র ...করিলে প্রাপ্ত হওয়া যাইবে।—ডাঃ অঃ

" ডাক্তার জি হায়াসা এম ডী "

বিখ্যাত ডাক্তার ভন গ্রায়াইফের ছাত্র, সকল প্রকার চক্ষু রোগের চিকিৎসক। ৩ নং চৌরিঙ্গি লেনের বাটিতে প্রাতে ৯॥টা নাগাত ১০॥টা ও বৈকালে ৩টা নাগাত ৫টা পর্য্যন্ত চিকিৎসার সময়। যাঁহারা অসমর্থ তাহাদিগকে এস্‌প্লানেড রো ১২নম্বর বাটীতে প্রাতঃকালে সাড়ে সাতটা হইতে ৯টা পর্য্যন্ত দেখিবার সময়।

বাঙ্গালা দেশের অন্তর্গত ফোর্ট উইলিয়মস্থিত হাইকোর্ট অব জুডিকেচর নামক প্রধানতম বিচারা- লয়ের অর্ডিনারি অরিজিনাল সিবিল জুরিসডিকসন অর্থাৎ সাধারণ আদিম দেওয়ানী বিভাগের রেজিষ্ট্রার সাহেব কর্ত্তৃক আদালত গৃহস্থিত তাঁহার সেলরুমে অর্থাৎ নীলাম করিবার ঘরে হাইকোর্টের ডিক্রী অনুসারে যে ডিক্রী ১৮৭৪ এক হাজার আট শত চুহাত্তর সালের ৫৭২ নম্বরীয় মোকর্দ্দমায় ১৮৭৫ এক হাজার আট শত পঁচাত্র সালের ১৩ তেরুই জুলাই তারিখে প্রদত্ত হয় এবং যে মোকর্দ্দমায় চন্দ্রকুমার বন্দ্যোপা- ধ্যায় বাদী এবং হরচন্দ্র কুণ্ডু প্রভৃতি প্রতিবাদীগণ উক্ত ডিক্রী অনুসারে নিম্ন লিখিত সম্পত্তি সকল ১৮৭৭ সালের জুলাই মাসের আটাশ দিবসে শনিবারে প্রাহ্ণ দ্বাদশ ১২ ঘটিকার সময় বিক্রয় হইবে, যথাঃ—

১নং লাট।———মহানগর কলিকাতার অন্তর্গত হরি মোহন বসুর লেন নামক গলির ৮ নম্বর ভবনস্থ (পুর্ব্বে যাহার নম্বর ১৬ ছিল) যে সমস্ত জমি আছে এবং যাহাতে প্রজারা বাস করে। ষ্টিমেট করিয়া দেখা গিয়াছে উক্ত জমির পরিমাণ ফল এক কাঠা, তিন ছটাক; তবে ইহা অপেক্ষা কিছু কম হইলেও পারে, বেশী হইলেও পারে। উক্ত জমীর চতুপার্শ্বস্থ সীমানা নিম্নলিখিত অনুসারে আছে, অর্থাৎ পশ্চিমের দিকে উক্ত লেন, উত্তর এবং পূর্ব্ব দিকে সরকারী ড্রেণ, এবং দক্ষিণের দিকে রামচন্দ্র আচার্য্য ও অম্বিকা- নন্দ আচার্য্যের জমি।

২নং লাট।———মহানগর কলিকাতার অন্তর্গত উপরোক্ত হরি মোহন বসুর লেন নামক গলির ৪নং ভবনস্থ (পূর্ব্বে যাহা ১২ নং ছিল) যে সকল জমি খণ্ড এবং তাহার উপর যে সকল গৃহ আছে। উক্ত জমি খণ্ডের পরিমাণ ফল প্রায় এক কাঠা, সাড়ে দশছটাক হইবে। উহার চতুর্দ্দিকের সীমানা নিম্ন লিখিত অনু- সারে আছে, অর্থাৎ উত্তরের দিকে উক্ত গলি, পশ্চি- মের দিকে শীবচন্দ্র আচার্য্যের বাড়ী, দক্ষিণের দিকে মহেশচন্দ্র সিংহের পুষ্করিণী এবং পূর্ব্ব দিকে একটি গলি যাহা রামচন্দ্র আচার্য্যের বাড়ী মুখো গিয়াছে

৩নং লাট।———মহানগর কলিকাতার অন্তর্গত উপরোক্ত হরি মোহন বসুর লেন নামক গলির ৪নং ভবনস্থ (পূর্ব্বে যাহার নং ১২ ছিল) যে সকল জমী খণ্ড এবং তাহার উপর যে সকল বাড়ী আছে। উক্ত জমী খণ্ডের পরিমাণ ফল প্রায় আড়াই কাঠা হইবে। উহার চতুর্দ্দিকের সীমানা নিম্নলিখিত অনুসারে আছে। অর্থাৎ উত্তরের দিকে উক্ত গলি, পশ্চিমের দিকে রাধা মাধব দত্তের বাড়ী দক্ষীণের দিকে মহেশচন্দ্র সিংহের পুষ্করিণী, এবং পুর্ব্ব দিকে শেষোক্ত ভূমি খণ্ড।

৪নং লাট।———মহানগর কলিকাতার অন্তর্গত উপরোক্ত হরি মোহন বসুর লেন নামক গলির ১০ নং ভবনস্থ (পূর্ব্বে যাহার নং ১৭ ছিল) যে সকল জমী আছে এবং তাহার উপরিস্থ যে সকল বাটী আছে তাহার অখণ্ড দুয়ের তিন অংশ কিম্বা হিস্যা। উক্ত জমীর পরিমাণ ফল প্রায় ৫ কাঠা ১৪ ছটাক। উহার চতু- ষ্পার্শ্বস্থ সীমানা নিম্নলিখিত অনুসারে আছে। অর্থাৎ দক্ষিণের দিকে সরকারী ড্রেন পূর্ব্ব দিকে রাজ কৃষ্ণ মিত্রের বাড়ী যাহাতে প্রজায় বসবাস করে উত্তরের দিকে দেবী কৃষ্ণ বাহাদুরের জমী যাহাতে প্রজায় বস- বাস করে, এবং পশ্চিমের দিকে ধর্ম্মদাস দাঁর ফুলের বাগান।

৫নং লাট।———জেলা ২৪ পরগণার অন্তর্গত কাশীপুর সব রেজিষ্ট্রেসন ডিষ্টিক্টের এলেকাধীন পর- গণা কলিকাতার অন্তপাতি মৌজিয়া সালিকা নওয়া পাড়াস্থিত যে বাগান জমী আছে তাহার অখণ্ড দুইয়ের তিন অংশ কিম্বা হিস্যা। উক্ত বাগানের জমির পরিমাণ ফল প্রায় ৪ বিঘা ১১ কাঠা হইবে এবং উহার চতুপার্শ্বস্থ সীমানা নিম্ন লিখিত অনুসারে আছে। অর্থাৎ পূর্ব্ব দিকে মতিলাল মিত্রের বাগান, পশ্চিম দিকে গোবিন্দ চন্দ্র চন্দ্র ও অন্যান্য ব্যক্তির বাগান। দক্ষিণের দিকে সেখ দানেশ কানাকীরের বাগান, এবং উত্তরের দিকে মহেশচন্দ্র ভট্টাচার্য্যের বাগান সমেত তদমধ্যস্থিত পুষ্করিণী যাহার নিমিত্ত বাৎসরিক দশ টাকা দুই আনা খাজনা জমিদারকে দিতে হয়।

বিক্রয়ের নিয়ম সকল এবং দলীলের চুম্বক ...কোর্ট নামক প্রধানতম আদালতের অরিজি... জুরিসডিকসন অর্থাৎ আদিম বিভাগের রেজিষ্টা... আফিসে কিম্বা বাদীর উকিল ডবলিউ, এফ, গিলা... ডারস্ সাহেবের আফিসে বিক্রয়ের যে কোন দিনে দেখা যাইতে পারে এবং বিক্রয়ের দিনেও উহা উপস্থিত করা যাইবে। উক্ত উকিলের আফিস স্পানেড রো নামক ষ্টিটের ৩। ২ নং ভবনে।

কলিকাতা, হাইকোর্ট অরিজিন্যাল জুরিসডিকসন রেজিষ্ট্রারের আফিস ১৮৭৭ ২৬শে জুলাই

আর বেল চেম্বারস
R. Belchambers
Registrar

এমন কর্ম্ম আর করিব না।

(প্রহসন)

'পুরুবিক্রম" "সরোজিনী" ও " কিঞ্চিৎ জলযোগ" লেখক কর্ত্তৃক প্রণীত।

পটলডাঙ্গা ক্যানিংলাইব্রেরি, সংস্কৃত প্রেস ডিপজিটরি এবং অন্যান্য প্রধান প্রধান পুস্তকালয়ে বিক্রয় হইতেছে। মূল্য দশ আনা, ডাকমাশুল এক আনা। —শ্রাবণ শেষ।

নিম্ন লিখিত পুস্তক গুলি ২৪৯ নং বহুবাজার ষ্ট্রিট ষ্টানহোপ প্রেস ও ৫৫ নং কলেজ ষ্ট্রিট ক্যানিং লাই- ব্রেরীতে বিক্রয় হয়।

১ Three years in Europe. 2nd. Ed. মূল্য ১ মাশুল ৵০
২ ইউরোপে তিন বৎসর ॥০ /০
৩ বঙ্গ-বিজেতা, শ্রীরমেশচন্দ্র দত্ত প্রণীত ১।০ /০
৪ মাধবী কঙ্কণ, " " (প্রকাশ হইয়াছে) ১ ৵০
৫ The Indian Pilgrim. (Poem) R. C. Dutta. ॥০ /০
৬ The Peasantry of Bengal. ২ ৶০
৭ The Literature of Bengal ১ ৵০

অক্টবর শেষ।

উদাসীন প্রাপ্ত অব্যর্থ ঔষধ।

ধবল, ভগন্দর বা অন্যান্য দূষিত নালি ঘা, কার- বংকেল অর্থাৎ পৃষ্ঠব্রণ ইত্যাদি, পালাজ্বর ও প্লীহা- জ্বরের মহৌষধ শ্যামবাজার বলরাম ঘোষের ষ্ট্রীট ৭নং ভবনে সুলভ মূল্যে পাওয়া যায়। এই ঔষধ গাছ গাছড়া হইতে প্রস্তুত, ইহাতে পারদাদির কোন সংস্রব নাই।

সুলভ সুলভ। অতিসুলভ !!

আমরা বিলাত হইতে অত্যুত্তম বিরিচ্ লোডা... মজেল লোডার বন্দুক, রায়ফল, পিস্তুল, ৫ নাগা... ২০ নলি রিভলবার, বারুদ, ক্যাপ, টোটা ও শীকারের সকল প্রকার সরঞ্জম অতি সুলভ মুল্যে বিক্রয়ার্থে আমদানি করিয়াছি। যাঁহার প্রয়োজন হইবেক নিম্ন লিখিত স্থানে তত্ত্ব করিলে পাইবেন আর বন্দু- কাদি সকল প্রকার অস্ত্র মেরামত অতি সুলভ মুল্যে ও সুচারু রূপে সম্পাদিত হইতেছে।

ডিঃ এন্ বিশ্বাস কোং
নং ৩২ লালদিঘির দক্ষিণ
কলিকাতা।

শ্রীরাম লাল দত্ত

ঘড়ি, সোনার চেইন, ইয়ারিং, বাজাবাকশ, হিরা পান্না ও চুনির অঙ্গরী প্রভৃতি বিক্রেতা।

নং ১৪৩। ১৪৪ রাধাবাজার।

এখানে সর্ব্ব প্রকার ক্লক, ওয়াচ ঘড়ি, টাইমপি... জেম শমেকেবের সোণার রূপার এবং জেমশমে... এবং অন্য ২ মেকারের ওয়াচ ক্লক চেইন এবং বাজ... বাকশ ইংরাজি গহনা ইত্যাদি হোলশেল এবং রিটে... অতি সুলভ মূল্যে বিক্রয় হয় এবং মেরামত হয়।

এখানে ওয়াচ ঘড়ি এবং ক্লক ১০ টাকার মূল্যে অবধি ৫০০ টাকার পর্য্যন্ত পাওয়া যায়।

এই পত্রিকা কলিকাতা, বাগবাজার আনন্দ চাটুর্য্যের গলি ২ নং বাটী হইতে প্রতি বৃহস্পতি... শ্রীচন্দ্রনাথ রায় দ্বারা প্রকাশিত হয়।